দৈনিক ইত্তেফাক

153

তারিখ 02 DEC 1995
পৃষ্ঠা ১ কলাম ৭

# মাদ্রাসা বোর্ডের '৯৫ সালের আলিম পরীক্ষার ফল প্রকাশ

স্টাফ রিপোর্টার ।। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে ১৯৯৫ সালের জুলাই-আগস্ট মাসে অনুষ্ঠিত আলিম পরীক্ষার ফলাফল গত বৃহস্পতিবার রাতে প্রকাশ করা হয়েছে। আলিম সাধারণ, বিজ্ঞান ও মুজাব্বিদ-ই-মাহির এ তিনটি গ্রুপে ২ হাজার ৮২০ জন ছাত্রীসহ সর্বমোট ৩১ হাজার ২৫১ জন পরীক্ষার্থী/পরীক্ষার্থীনি পরীক্ষায় অংশগ্রহণ করে। এর মধ্যে ১ হাজার

১১-এর পৃঃ ১-এর কঃ দেখুন

## আলিম পরীক্ষার ফল

প্রথম পৃষ্ঠার পর

২৬১ জন প্রথম বিভাগে, ৮ হাজার ৯৯৬ জন দ্বিতীয় বিভাগে এবং ৯ হাজার ৬০৭ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে। সর্বমোট উত্তীর্ণের সংখ্যা ১৯ হাজার ৮৬৪ জন। পাসের হার শতকরা ৬৩·৫৬।

আলিম সাধারণ বিভাগে ২ হাজার ৭৪২ জন ছাত্রীসহ মোট ২৮ হাজার ১৪৬ জন পরীক্ষার্থী/পরীক্ষার্থীনি পরীক্ষায় অংশগ্রহণ করে। এর মধ্যে ৯৮৮ জন প্রথম বিভাগে, ৮ হাজার ৩৯৬ জন দ্বিতীয় বিভাগে এবং ৮ হাজার ৩৬৩ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে। মোট উত্তীর্ণ হয়েছে ১৭ হাজার ৭৪৭ জন। পাসের হার শতকরা ৬৩·০৫।

আলিম বিজ্ঞান বিভাগে ২৮ জন ছাত্রীসহ মোট ৯৬১ জন পরীক্ষার্থী/পরীক্ষার্থীনি পরীক্ষায় অংশগ্রহণ করে। এর মধ্যে ২৪২ জন প্রথম বিভাগে, ৩৫৬ জন দ্বিতীয় বিভাগে এবং ৪৭ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে। মোট উত্তীর্ণ হয়েছে ৬৪৫ জন। পাসের হার শতকরা ৬৭·১২।

আলিম মুজাব্বিদ-ই-মাহির বিভাগে ৫০ জন ছাত্রীসহ মোট ২ হাজার ১৪৪ জন পরীক্ষার্থী/পরীক্ষার্থীনি পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে প্রথম বিভাগে ৩১ জন, দ্বিতীয় বিভাগে ২৪৪ জন এবং তৃতীয় বিভাগে ১ হাজার ১৯৭ জন উত্তীর্ণ হয়েছে। মোট উত্তীর্ণ হয়েছে ১ হাজার ৪৭২ জন। পাসের হার শতকরা ৬৮·৬৬।

SHEET —— OF —— SHEETS